# ২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: গণিত**

<table>
<tr><th>অ্যাসাইনমেন্ট নম্বর</th><th>অ্যাসাইনমেন্ট (শিরোনামসহ)</th><th>শিখনফল/বিষয়বস্তু</th><th>অ্যাসাইনমেন্ট প্রণয়নের নির্দেশনা (ধাপ/পরিধি/সংকেত)</th><th colspan="8">মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td rowspan="9">০১</td><td rowspan="9">প্রথম অধ্যায়ঃ (মূলদ ও অমূলদ সংখ্যা)<br><br>মূলদ ও অমূলদ সংখ্যার ধারণা এবং বিভিন্ন ধরণের সংখ্যার বর্গমূল নির্ণয়</td><td rowspan="9">১. মূলদ ও অমূলদ সংখ্যা শনাক্ত করতে পারবে<br><br>২. উৎপাদক ও ভাগ প্রক্রিয়ার মাধ্যমে বর্গমূল নির্ণয় করতে পারবে<br><br>৩. সংখ্যার বর্গমূল নির্ণয় পদ্ধতিগুলো প্রয়োগ করে বাস্তব জীবনে সমস্যার সমাধান করতে পারবে</td><td rowspan="9">আমিনা বেগম উচ্চ বিদ্যালয়ের ১০৮০ জন শিক্ষার্থীদের প্রাত্যহিক সমাবেশে সাজাতে গিয়ে শিক্ষক দেখলেন তাদেরকে বর্গাকারে সাজানো যায় না।<br><br>ক. $\sqrt{২৪}$, $\sqrt{৭}$, ০, ৫, $\sqrt{\frac{২৫}{১৬}}$ মূলদ ও অমূলদ সংখ্যা চিহ্নিত করে কারণ লিখ।<br><br>খ. কমপক্ষে কতজন শিক্ষার্থী যোগ দিলে শিক্ষার্থীর দলকে বর্গাকারে সাজানো যাবে?<br><br>গ. শিক্ষার্থী সংখ্যাকে কোন ক্ষুদ্রতম পূর্ণ সংখ্যা দ্বারা ভাগ করলে ভাগফল পূর্ণবর্গ সংখ্যা হবে?<br><br>ঘ. শিক্ষার্থী সংখ্যাকে দুই দশমিক স্থান পর্যন্ত বর্গমূল নির্ণয় কর।</td><td colspan="2" rowspan="2">নির্দেশক</td><td colspan="5">পারদর্শিতার মাত্রা/নম্বর</td><td rowspan="2">প্রাপ্ত নম্বর</td><td rowspan="9"></td></tr>
<tr><td>৪</td><td>৩</td><td>২</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>ক</td><td>মূলদ ও অমূলদ সংখ্যা কারণসহ চিহ্নিতকরণ</td><td>-</td><td>মূলদ ও অমূলদ সংখ্যা হওয়ার কারণ লিখতে পারলে</td><td>সবগুলো মূলদ ও অমূলদ সংখ্যা চিহ্নিত করতে পারলে</td><td>যেকোনো দুইটি মূলদ বা অমূলদ সংখ্যা চিহ্নিত করতে পারলে</td><td></td><td></td></tr>
<tr><td>খ</td><td>বর্গাকারে সাজানোর মাধ্যমে নতুন শিক্ষার্থী সংখ্যা নির্ণয়</td><td>-</td><td>নির্ণেয় শিক্ষার্থী সংখ্যা নির্ণয় করতে পারলে</td><td>বর্গমূল নির্ণয় করতে পারলে</td><td>বর্গমূল নির্ণয়ের কাঠামো সঠিকভাবে লিখতে পারলে</td><td></td><td></td></tr>
<tr><td>গ</td><td>বর্গমূল নির্ণয়ের পদ্ধতি ব্যবহার করে নির্ণেয় ক্ষুদ্রতম পূর্ণ সংখ্যাটি নির্ণয়</td><td>-</td><td>ক্ষুদ্রতম পূর্ণ সংখ্যাটি নির্ণয় করতে পারলে</td><td>বর্গমূল নির্ণয় করতে পারলে</td><td>বর্গমূল নির্ণয়ের কাঠামো সঠিকভাবে লিখতে পারলে</td><td></td><td></td></tr>
<tr><td>ঘ</td><td>ভাগ প্রক্রিয়ায় বর্গমূল নির্ণয়</td><td>বর্গমূল দুই দশমিক স্থান পর্যন্ত (আসন্ন) নির্ণয় করতে পারলে</td><td>বর্গমূল তিন দশমিক স্থান পর্যন্ত নির্ণয় করতে পারলে</td><td>বর্গমূলের কাঠামো সঠিক থাকলে</td><td>বর্গমূল নির্ণয়ের জোড়া অঙ্কগুলো সঠিকভাবে দিতে পারলে</td><td></td><td></td></tr>
<tr><td colspan="7">মোট</td><td></td></tr>
<tr><td colspan="7">অ্যাসাইনমেন্টের বরাদ্দকৃত নম্বর</td><td>১৩</td></tr>
<tr><td colspan="7">১০ নম্বরে রূপান্তরের পর প্রাপ্ত নম্বর</td><td></td></tr>
</table>

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ৮-১০ | অতি উত্তম |
| ৬-৭.৯ | উত্তম |
| ৪-৫.৯ | ভালো |
| ৪ এর কম | অগ্রগতি প্রয়োজন |